DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:42 AM

আন্তর্জাতিক

# হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিচ্ছে যুক্তরাষ্ট্র: ট্রাম্প

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০২:০৩ AM



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্র সম্ভবত হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নেবে। তার দাবি, ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে করা একটি চুক্তি ভঙ্গ করেছে।

ইরান চুক্তি ভঙ্গ করেছে দাবি করে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নেওয়ার ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানজুড়ে মার্কিন বাহিনীর রাতভর চালানো বিমান হামলার পরই তিনি এই ঘোষণা দিলেন।

ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, আমরা প্রণালির নিয়ন্ত্রণ নিচ্ছি। তাদের হাতে এখন আর কিছুই নেই।

সাক্ষাৎকারে ট্রাম্প যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম) রাতভর চালানো সামরিক অভিযানের কথা উল্লেখ করেন। ইরানের বিভিন্ন সামরিক স্থাপনা লক্ষ্য করে এই হামলা চালানো হয়। বিষয়টিকে গত রাতে খুব কঠোর আঘাত হিসেবে উল্লেখ করেন তিনি।

মার্কিন প্রেসিডেন্ট আরও দাবি করেন, "আমরা তাদের নিয়ন্ত্রণে নিয়েছি। তারা পিছু হটছে। ইরানের বেশিরভাগ সামরিক সরঞ্জাম ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে গেছে।"

এর আগে সোমবার যুক্তরাজ্যে অবস্থিত ইরানি দূতাবাস জানায়, হরমুজ প্রণালিতে একটি অস্থায়ী নিরাপদ সামুদ্রিক করিডোর চালু করা হয়েছে। এই পথে "প্রযুক্তিগত ও সামরিক কোনো বাধা নেই" বলেও জানানো হয়।

তবে দূতাবাসের দাবি, যুক্তরাষ্ট্রের সামরিক আগ্রাসনের কারণেই বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এই নৌপথটি এখন "উচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলে" পরিণত হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**মার্কিন হামলায় ইরানে নিহত ৩০**
ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...




**ভারতসহ পাঁচ দেশের ওপর ১০০ শতাংশ পর্যন্ত শুল্কের প্রস্তাব যুক্তরাষ্ট্রের**
আবারও শুল্কনীতি নিয়ে আলোচনায় যুক্তরাষ্ট্র। রাশিয়া থেকে তেল ও প্রাকৃতিক গ্যাস আমদানি অব্যাহত রাখা দেশগুলোর ওপর কঠোর অর্থনৈতিক চাপ বাড়াতে...



### ইরান যুদ্ধ শেষ করতে হিমশিম খাচ্ছেন ট্রাম্প

ইরানের সঙ্গে চলমান যুদ্ধ নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সর্বশেষ অবস্থান টিকেছিল মাত্র ২৪ ঘণ্টা। বিশ্লেষকদের মতে, এতে স্পষ্ট হচ্...



### ফের মুখোমুখি লেবানন-ইসরায়েল, গুরুত্ব পাচ্ছে যেসব বিষয়

উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে সংঘর্ষ শুরু হওয়ায় গত মাসে দুই পক্ষের মধ্যে হওয়া অন্তর্বর্তী সমঝোতা চাপে পড়েছে। তারই অংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/hrmuj-prnalir-niyntrn-nichchhe-juktrashtr-tramp